দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR 7 1999

পৃষ্ঠা ২৮ কলাম ৪

60

# কমিটির রিপোর্ট দাখিলের আগেই ছাত্র-ছাত্রীরা আন্দোলন শুরু করিয়াছে ............ বুয়েট কর্তৃপক্ষ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের ছাত্ররা এই বিভাগকে একটি স্বায়ত্তশাসিত ইন্সটিটিউট ঘোষণার দাবীতে গতকাল (মঙ্গলবার) হইতে আমরণ অনশন শুরু করিয়াছে।

বুয়েট কর্তৃপক্ষের এক প্রেস বিজ্ঞপ্তি। বলা হয়ঃ ইন্সটিটিউট অব আর্কিটেকচার স্থাপনের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য সরকার গত ১১ই ফেব্রুয়ারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসিকে আহ্বায়ক করিয়া ৮ সদস্যের একটি কমিটি গঠন করিয়াছে। এ কমিটি রিপোর্ট দাখিলের পূর্বেই (১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বুয়েট কর্তৃপক্ষ

(শেষ পৃঃ পর)

স্থাপত্য বিভাগের কিছু ছাত্র অবৈধ আন্দোলন শুরু করিয়াছে।

এদিকে স্থাপত্য সমাজ নামে একটি সংগঠন গতকাল জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে স্থাপত্য বিভাগের ছাত্র-ছাত্রীদের ৫ দফা মানিয়া নেওয়ার দাবী করে।